

ডেস্ক রিপোর্ট | দেশজুড়ে | 06 April, 2025

মৌলভীবাজারে সুজন মিয়া (৩৬) নামের জেলা বারের এক আইনজীবীকে ছুরিকাঘাতে হত্যা করেছে দুর্বৃত্তরা। গতকাল রোববার রাতে ১১টার দিকে মৌলভীবাজার পৌরসভায় এ ঘটনা ঘটে।

জানা গেছে, সুজন মিয়া শহরের পূর্ব হিলালপুর এলাকার বাসিন্দা। রোববার রাত ১১টার দিকে মৌলভীবাজার পৌরসভার সামনে একটি ফুচকার দোকানের পাশে ছিলেন। এ সময় তাঁকে ৫-৬ দুর্বৃত্ত এলোপাতাড়ি ছুরিকাঘাত করে পালিয়ে যায়। পরে আশপাশের লোকজন সুজনকে উদ্ধার করে মৌলভীবাজার সদর হাসপাতালে নিলে দায়িত্বরত চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন। দুর্বৃত্তরা সুজনের বুক ধারালো অস্ত্রের একাধিক জখম রয়েছে।

এদিকে এমন চাঞ্চল্যকর ঘটনায় শহরজুড়ে আতঙ্ক বিরাজ করছে। সুজনের এমন মৃত্যুতে আইনজীবীরা শোক ও ক্ষোভ জানিয়েছেন। একই সঙ্গে তাঁরা খুনিদের দ্রুত গ্রেপ্তার করে আইনের আওতায় আনার দাবি জানান।

মৌলভীবাজার মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মাহবুবুর রহমান বলেন, আইনজীবী সুজন হত্যার ঘটনায় জড়িতদের পরিচয় শনাক্ত ও আটকের চেষ্টা চলছে। নিহতের পরিবার এ ঘটনায় মামলা করবে বলে জানিয়েছে। ঘটনাটির তদন্ত চলছে।

মৌলভীবাজার আইনজীবী হত্যা